


কালের কণ্ঠ

আপডেট : ১০ মে, ২০১৮ ০২:৩৮

ঢাকা বিশ্ববিদ্যালয়

৫১তম সমাবর্তন ৬ অক্টোবর

 ৫১তম সমাবর্তন ৬ অক্টোবর

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫১তম সমাবর্তন অনুষ্ঠিত হতে যাচ্ছে আগামী ৬ অক্টোবর। গতকাল বুধবার সকালে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে সমাবর্তন উপলক্ষে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়।

সভায় সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের সিনেট ও সিন্ডিকেট সদস্য, ডিন, প্রভোস্ট, বিভাগীয় চেয়ারম্যান, ইনস্টিটিউটের পরিচালক, শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক এ এস এম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক শিবলী রুবাইয়াতুল ইসলামসহ অফিস প্রধানরা উপস্থিত ছিলেন।

৫১তম সমাবর্তনে সমাবর্তন বক্তা হিসেবে থাকবেন লাইবেরিয়ার নোবেল শান্তি পুরস্কার পাওয়া মিজ লেমাহ গবায়েরি। সমাবর্তন অনুষ্ঠানে তাঁকে ডক্টর অব লজ ডিগ্রি প্রদান করা হবে। সমাবর্তন সুষ্ঠুভাবে সম্পন্ন করতে একটি নির্বাহী কমিটি, ব্যবস্থাপনা কমিটিসহ ২৬টি উপকমিটি গঠন করা হয়েছে।

Print

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

নির্বাহী সম্পাদক : মোস্তফা কামাল,

ইস্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলক্ষেত, বাড্ডা, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com